

সি.সি.
২৫

দুর্নীতিপ্রবণ প্রাইভেট ইউনিভার্সিটির বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে

রাজশাহী ইউনিভার্সিটিতে ইউজিসি চেয়ারম্যান

রাজশাহী ইউনিভার্সিটি সংবাদদাতা

ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম বলেছেন, শিক্ষার মান নিশ্চিতকরণে ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন বহুপরিচর। যেসব প্রাইভেট ইউনিভার্সিটি ও শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মান নিয়ে দুর্নীতি হচ্ছে ইউজিসি সেগুলোর বিষয়ে অনুসন্ধান চলাচ্ছে। অর্থাৎই তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

সিপাহী বিদ্রোহের দেড়শ বছর পূর্তি উপলক্ষে রাজশাহী ইউনিভার্সিটির ইতিহাস বিভাগের উদ্যোগে তিনসকমপ্লক্সে আয়োজিত আন্তর্জাতিক সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শুক্রবার তিনি এসব কথা বলেন। সেমিনারে বিশেষ অতিথি ছিলেন রাবি ডিসি প্রফেসর ড. এম আলডাক হোসেন ও প্রো-ডিসি প্রফেসর ড. মামুনুল করামত। সেমিনারে তিনটি সেশনে ১৪টি প্রবন্ধ পাঠ ও তা নিয়ে আলোচনা করা হয়। ইউজিসির সাবেক মেম্বর প্রফেসর কে এম মহসীনের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রথম সেশনে কলকাতা ইউনিভার্সিটির প্রফেসর রঞ্জিত সেন, আনন্দমোহন কলেজের প্রফেসর দেবশীষ রায় চৌধুরী, বিরহামপুর

গার্লস কলেজের রিডার ইন হিস্ট্রি খাইরুল আলম, প্রফুল্লচন্দ্র কলেজের রিডার ইন হিস্ট্রি ড. কেকা দত্ত রায় এবং রাবির প্রফেসর নুরুল হোসাইন চৌধুরী প্রবন্ধ উপস্থাপন করেন।

কলকাতা ইউনিভার্সিটির প্রফেসর রঞ্জিত সেনের সভাপতিত্বে অনুষ্ঠিত দ্বিতীয় সেশনে ইনডিয়ান ওয়েস্ট বেঙ্গল স্টেট আর্কাইভসের ডেপুটি ডিরেক্টর ড. আনন্দ ভট্টাচার্য, যাদবপুর ইউনিভার্সিটির প্রফেসর

চিত্তেন্দ্র পালিত, কল্যাণী ইউনিভার্সিটির প্রফেসর বলাই চন্দ্র বাড়ই, বিজয়কৃষ্ণ গার্লস কলেজের রিডার ইন হিস্ট্রি ড. কারাবি মিত্র ও রাবির প্রফেসর এ এফ এম শামসুর রহমান প্রবন্ধ উপস্থাপন করেন।

কল্যাণী ইউনিভার্সিটির প্রফেসর বলাই চন্দ্র বাড়ইয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত তৃতীয় সেশনে ইনডিয়ান সিটি কলেজের প্রফেসর পৌডম বসু, স্বর্ধমান ইউনিভার্সিটির লেকচারার ড. সৈয়দ তানভীর নাসরিন, ব্রহ্মনাথপুর কলেজের ইতিহাস বিভাগের প্রধান ড. রূপশ্রী চ্যাটার্জি ও রাজশাহী ইউনিভার্সিটির তাহমিনা আলম প্রবন্ধ উপস্থাপন করেন। ইউনিভার্সিটির ইতিহাস বিভাগের সভাপতি ড. মোহাম্মদ শাফিক উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

